# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৪

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ শাসকদের মিথ্যাকে সত্যায়ন করা, তাদের যুলমের কাজে সাহায্য করার ব্যাপারে ধমকী কারণ যে ব্যক্তি এমন করবে সে ব্যক্তি হাওযে কাওসারে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে আসতে পারবে না। মহান আল্লাহর কাছে পানাহ চাই।

ذِكْرُ الزَّجْرِ عَنْ تَصْدِيقِ الْأُمَرَاءِ بِكَذِبِهِمْ وَمَعُونَتِهِمْ عَلَى ظُلْمِهِمْ إِذْ فَاعِلُ ذَلِكَ لَا يَرِدُ الْحَوْضَ عَلَى الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَعَاذَنَا اللَّهُ مِنْ ذَلِكَ

---

আরবী

أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُعَاذِ بْنِ مُعَاذٍ قَالَ: حَدَّثَنَا أَبِي قَالَ حَدَّثَنَا حَاتِمُ بْنُ أَبِي صَغِيرَةَ أَبُو يُونُسَ الْقُشَيْرِيُّ عَنْ سِمَاكِ بْنِ حَرْبٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ خَبَّابٍ عَنْ أَبِيهِ قَالَ: (كُنَّا قُعُودًا عَلَى بَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَخَرَجَ عَلَيْنَا فَقَالَ: اسْمَعُوا قُلْنَا: قَدْ سَمِعْنَا قَالَ: اسْمَعُوا قُلْنَا: قَدْ سَمِعْنَا قَالَ: اسْمَعُوا قُلْنَا: قَدْ سَمِعْنَا قَالَ: إِنَّهُ سَيَكُونُ بَعْدِي أُمَرَاءُ فَلَا تُصدِّقُوهم بِكَذِبِهِمْ وَلَا تُعِينُوهُمْ عَلَى ظُلْمِهِمْ فَإِنَّهُ مَنْ صدَّقهم بِكَذِبِهِمْ وَأَعَانَهُمْ عَلَى ظُلْمِهِمْ لَمْ يَرِدْ عَلَيَّ الْحَوْضَ.)

الراوي : خَبَّاب | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 284 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৮৪. খাব্বাব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর দরজার কাছে বসে ছিলাম। এসময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের কাছে আসলেন, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের বলেন: “তোমরা শ্রবণ করো।” আমরা বললাম: “জ্বী, আমরা শুনছি।” তিনি বললেন: “তোমরা শ্রবণ করো।” আমরা বললাম: “জ্বী, আমরা শুনছি।”তিনি আবারো বললেন: “তোমরা শ্রবণ করো।” আমরা বললাম: “জ্বী, আমরা শুনছি।” তিনি বলেন: “আমার পরে অচিরেই কিছু শাসকের আবির্ভাব হবে। তোমরা তাদের মিথ্যাকে সত্যায়ন করবে না এবং তাদের যুলমের কাজে সহযোগিতা করবে না। কেননা যে ব্যক্তি

তাদের মিথ্যাকে সত্যায়ন করবে এবং তাদের যুলমের কাজে সহযোগিতা করবে, সে আমার কাছে হাওযে কাওসারে আসবে না।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৩৯৫; তাবারানী আল কাবীর: ৩৬২৭; হাকিম: ১/৭৮; মাযমা‘উয যাওয়াইদ: ৫/২৪৮।

হাদীসটির সানাদকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আয যিলাল: ৭৫৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ খাব্বাব ইবনুল আরাত (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88583

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন